দৈনিক বাংলা

তারিখ ২৯।৮।৯১
পৃষ্ঠা ১ কলাম ১

## মন্ত্রিপরিষদের বৈঠক ঃ নকলের সাজা ১০ বছর

# প্রশ্নপত্র ফাঁসের সর্বোচ্চ শাস্তি দশ বছর

পরীক্ষায় দুর্নীতি, দমন, অসদুপায় রোধ ও সকল অসাধু প্রবণতা বন্ধ করার জন্য 'দ্য পাবলিক এগজামিনেশন (অফেন্সেস) অ্যাক্ট-১৯৮০' সংশোধন করে শাস্তির মাত্রা বৃদ্ধি করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদের সভাপতিত্বে সোমবার বঙ্গভবনে অনুষ্ঠিত মন্ত্রি পরিষদ সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সভায় উপস্থিত ছিলেন। মন্ত্রী ও প্রতিমন্ত্রিবর্গ, মুখ্য অর্থ সচিব, কেবিনেট সচিব এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের সচিবগণ সভায় উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।

সংশোধিত আইনের আওতায় ভুয়া পরীক্ষার্থীকে সর্বনিম্ন ২ বছর ও সর্বোচ্চ ৫ বছর প্রশ্নপত্র ফাঁস করার মত ঘৃণ্য অপরাধের জন্য নূন্যতম ৪ বছর ও সর্বোচ্চ ১০ বছর, ভুয়া মার্কশীট, ভুয়া সার্টিফিকেট, ডিপ্লোমা ও ডিগ্রী প্রদানের জন্য নূন্যতম ৩ বছর ও সর্বোচ্চ ১০ বছর উত্তরপত্র পরিবর্তন অথবা অবৈধভাবে সংযোজনের জন্য ন্যূনতম ৩ বছর ও সর্বোচ্চ ১০ বছর, পরীক্ষায় নকল সরবরাহকারীর জন্য ন্যূনতম ২ বছর ও সর্বোচ্চ ৫ বছর এবং পরীক্ষা অনুষ্ঠানে বাধাপ্রদান অথবা পরীক্ষাকেন্দ্রে গোলযোগের জন্য এক বছর পর্যন্ত কারাদন্ডের বিধান থাকবে। সর্বক্ষেত্রে কারাদন্ড ছাড়াও অর্থদন্ডের বিধান থাকবে। নকল করার অপরাধে কোন পরীক্ষার্থী দোষী সাব্যস্ত হলে তিন বছর পর্যন্ত তাকে

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

### প্রশ্নপত্র ফাঁসের

(প্রথম পৃষ্ঠার পর)

পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

মন্ত্রিপরিষদ সভা অবিলম্বে এক লক্ষ মেট্রিক টন অবিচূর্ণ লবণ আমদানীরও সিদ্ধান্ত গ্রহণ করে। এই এক লক্ষ মেট্রিক টন অবিচুর্ণ লবণ মিল মালিক সমিতির সঙ্গে আলোচনাক্রমে বিসিক কর্তৃক নির্বাচিত ও প্রতিষ্ঠিত লবণ মালিকগণই আমদানী করবেন।

লবণ মিল মালিক সমিতির দেয়া প্রতিশ্রুতি অনুযায়ী সরকারী সিদ্ধান্ত জানানোর ৭ দিনের মধ্যে আমদানীকারকগণ এলসি খুলবেন এবং এলসি খোলার ৪০ দিনের মধ্যে তারা পরিশোধিত লবণ বাজারজাত করবেন।

কি মূল্যে মিল মালিকগণ পাইকারী বিক্রেতাদের কাছে আমদানীকৃত অবিচূর্ণ লবণ পরিশোধন করে অমিশ্রিত (নির্ভেজাল) অবস্থায় বিক্রি করবেন তা লবণ মিল মালিক সমিতি বিসিকের সাথে আলোচনাক্রমে স্থির করবে এবং মূল্য স্থির করার পূর্ণ বিশ্লেষণসহ টিসিবিকে জানাবে।

মিল মালিকগণ আমদানীকৃত লবণ কোথায় রাখবেন এবং পাইকারী বিক্রেতাগণ কত মার্ক-আপ পাবেন তা শিল্পমন্ত্রণালয়, টিসিবি ও সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারদের জানাতে হবে।

পাইকারী বিক্রেতাদের কার কাছে কি পরিমাণ লবণ কি মূল্যে বিক্রয় করা হলো তার পরিসংখ্যান মিল মালিকগণ সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও টিসিবে জানাবেন। বিক্রয়ের ৭ দিনের মধ্যেই এই তথ্য জানাতে হবে।

বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বের নির্দেশে টিসিবি ৫০ হাজার মেট্রিক টন বিচুর্ণ ও ৫০ হাজার মেট্রিক টন অবিচুর্ণ লবণ আমদানীর জন্য দরপত্র আহ্বান করেছে। লবণ মিল মালিক সমিতিকে অবিচুর্ণ লবণ আমদানী করতে দেয়ার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে টিসিবি কর্তৃক ৫০ হাজার মেট্রিক টন অবিচুর্ণ লবণ আমদানীর প্রক্রিয়াটি বাতিল করা হবে। সংবেদনশীল এই পণ্যের অযৌক্তিক মূল্য বৃদ্ধির প্রচেষ্টার বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা হিসাবে বিচূর্ণ ৫০ হাজার মেট্রিক টন লবণ আমদানী প্রক্রিয়া অব্যাহত থাকবে।